গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত ফেব্রুয়ারি, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোকাব্বির হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ০৮ ফেব্রুয়ারি ২০২২ |
| সভার সময় | বেলা : ১১.০০ টা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অধীন প্রতিটি অধিদপ্তর ও উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ করেন। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

| ক্রম | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| | **গত সভার (জানুয়ারি, ২০২২) কার্যবিবরণী দৃঢ়ীকরণ :** ফেব্রুয়ারি, ২০২২-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | জানুয়ারি, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা দৃঢ়ীকরণ করা হয়। |

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.২ | **(ক) কোভিড-১৯ পরিস্থিতি :** সভাকে জানানো হয়, গত ০৮.০২.২০২২ তারিখের তথ্য মতে এ বিভাগ ও অধীন দপ্তরসমূহে করোনাভাইরাসে ১৫৯৯ (এসএসডি-৩৭+এফএসসিডি-৪৭০+প্রিজন-৭১৮+ডিআইপি-১৪৪+ডিএনসি-২৩০) জন আক্রান্ত হয়েছেন। এ পর্যন্ত ১৪৮৪ (৯২.৫৮%) (এসএসডি-৩৪+এফএসসিডি-৪৫৬+প্রিজন-৬৮১+ডিআইপি-১২৪+ডিএনসি-১৮৯) জন সুস্থ হয়েছেন। অপরদিকে ৮ (এফএসসিডি-৩+প্রিজন-৩+ডিএনসি-২) জন মৃত্যু বরণ করেছেন। ১০৭ (এসএসডি-৩+এফএসসিডি-১১+প্রিজন-৩৪+ডিআইপি-২০+ডিএনসি-৩৯) এখনও জন চিকিৎসাধীন আছেন।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সচিব মহোদয় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে যেসকল কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করেছেন তাদের আত্মার শান্তি কামনা করেন। যারা এখনও অসুস্থ আছেন তাদের দ্রুত সুস্থতা কামনা করেন।সকল কর্মচারীকে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত বিধি-বিধান অনুসরণ করে দৈনন্দিন কার্য সম্পাদনের জন্য তিনি বিশেষভাবে গুরুত্বারোপ করেন। | ১)সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী যেন কোভিড-১৯ ও ওমিক্রনের বিস্তার রোধে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনাবলি মেনে চলে তা নিশ্চিত করতে হবে।<br>২)এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের যেসকল কর্মকর্তা/কর্মচারী টিকা নেননি তাদেরকে টিকা (প্রযোজ্য ক্ষেত্রে বুস্টার ডোজ) গ্রহণে উৎসাহিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২.৩ | **(ক)মসবৈ-০৫(০২)-২০১৪, তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০১৪:সিদ্ধান্ত:৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।** | ১)বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)বহিরাগমন-২ শাখা** |

| | | | |
|---|---|---|---|
| | (খ) মসবৈ-১৪(০৫)-২০১৪, তারিখ : ০৫ মে ২০১৪:<br>সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল। | ১)বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ/ সংশ্লিষ্ট শাখা প্রধান। |
| | (গ) ২৮ অক্টোবর ২০১৯/১২ কার্তিক ১৪২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত : ১৪। বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports'শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন। | ১)বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/ সংশ্লিষ্ট শাখা প্রধান। |
| | (গ) ৩১ মে ২০২১/ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত : ১৪। বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তির খসড়া অনুমোদন করা হইল। ('Agreement between The Government of The People's Republic of Bangladesh and The Government of the Republic of Botswana on visa exemption for holders of Diplomatic and Official Passports')শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন। | ১)বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/ মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর। |
| | (ঘ)মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০১৬<br>সিদ্ধান্ত : ৮। মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইল। | ১)লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সকল অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট শাখা প্রধান। |
| | (ঙ) মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬<br>বিষয় : জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন।<br>মন্ত্রিসভার সিদ্ধান্ত-৮.৩ : Jail Code-এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।<br><br>৮.৪। Jail Code-এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। | ১)Bangladesh Prison's and Correctional Services Act, ২০২১-এর খসড়া প্রণয়নের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | বাস্তবায়নে : আইজি প্রিজন/অতিরিক্ত সচিব (কারা)/সংশ্লিষ্ট উপকমিটি। |
| | (ছ) মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯<br>সিদ্ধান্ত : ৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন। | ১)ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-এর ৫টি ও কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন যুগোপযোগী করে বাংলায় প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ/ সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান। |

<table>
<tr>
<td>২.৪</td>
<td>ই-টেন্ডারিং :<br><br>ডিআইপি : ২০২০-২১ অর্থবছরে ১৬টি দরপত্র ই-টেন্ডারিং/ই-জিপিতে আহ্বান করা হয়েছে। তন্মধ্যে ১৫টির ক্রয়কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২অর্থবছরে জানুয়ারি, ২০২২-এ ৫টি পণ্য (১০০টি ভিসা প্রিন্টার ও ৩৩টি পাসপোর্ট ও ভিসা রিডার (PVR), ৮টি সুয়েইপ মেশিন, ৩টি অনলাইন স্মার্ট ইউপিসি ৬ কেভিএ ৩০ মিনিট ব্যাক-আপ টাইম সম্পন্ন এবং ব্যাটারি ইউনিটসহ, ২৫টি রাউটার) ই-জিপিতে ক্রয়ের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে।<br><br>ডিএনসি : প্রকল্পের যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত জানুয়ারি, ২০২২-এ ইজিপিতে৫টিটেন্ডারআহ্বানকরাহয়েছে।<br><br>এফএসসিডি : e-Gp-তে টেন্ডার আহ্বান করার লক্ষ্যে পোষাক সামগ্রীর চাহিদা ও প্রাক্কলিত দর নির্ধারণ করা হয়েছে। পোষাক সামগ্রীর ৩টি টেন্ডার Re-Tender-করণসহ ০৩ জানুয়ারি ২০২২ তারিখে উন্মুক্তকরণ শেষে মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন। গাড়ি পাম্পের খুচরা যন্ত্রাংশ ও সাধারণ মালামালের জন্য স্থানীয় উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়েছে, যা ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখে উন্মুক্তকরণের জন্য নির্ধারিত রয়েছে।</td>
<td>১)বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br><br>২)পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>২)জরুরি পরিস্থিতি ব্যতিত সরাসরি ক্রয় (ডিপিএম) পদ্ধতিতে কোন প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস সংগ্রহ/ক্রয় করা যাবে না।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব (প্রশাসন-২)।</td>
</tr>
<tr>
<td>২.৫</td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) : চলতি অর্থবছরের চূড়ান্ত এপিএ'তে মোট ৪৬টি কর্মসম্পাদন সূচক রয়েছে। ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ১০টি সূচক শতভাগ অর্জিত হয়েছে। ১৬টি সূচক অনুবিভাগ সংশ্লিষ্ট যেগুলোর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সংশ্লিষ্ট ৫টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি এবং কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৭টি সূচক রয়েছে।</td>
<td>১)বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্ত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার, দপ্তর/সংস্থার প্রধানগণ এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে নিয়ে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে এবং কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের অসুবিধা পরিলক্ষিত হলে তা নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.৬</td>
<td>জনবল :
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থারনাম</th><th>অনুমোদিতপদ</th><th>কর্মরত</th><th>শূন্যপদ</th></tr>
<tr><td>১</td><td>এসএসডি</td><td>২৭৭</td><td>২০৬</td><td>৭১</td></tr>
<tr><td>২</td><td>ডিএনসি</td><td>৩০৫৯</td><td>১৮১৫</td><td>১,২৪৪</td></tr>
<tr><td>৩</td><td>এফএসসিডি</td><td>১৩,৬১০</td><td>১২,২৪৯</td><td>১,৩৬১</td></tr>
<tr><td>৪</td><td>প্রিজন</td><td>১২,১৭৮</td><td>১০,৪৮৩</td><td>১,৬৯৫</td></tr>
<tr><td>৫</td><td>ডিআইপি</td><td>১,১৮৪</td><td>১১৩৬</td><td>৪৮</td></tr>
<tr><td></td><td>মোট =</td><td>৩০,৩০৮</td><td>২৫,৮৮৯</td><td>৪,৪৩৬</td></tr>
</table>
</td>
<td>১)অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;<br><br>২)এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের অস্থায়ীভাবে সৃষ্ট পদগুলোকে স্থায়ীপদে পরিণত করার যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক অগ্রগতি এ বিভাগকে অবহিত করতে হবে।<br><br>৩)যে সকল অধিদপ্তরে পদোন্নতিযোগ্য পদ খালি আছে তা পূরণের যথাযথ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।<br><br>৪)এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের নিয়োগযোগ্য এবং পদোন্নতিযোগ্য সকল পদের নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং প্রধান/উপসচিব (প্রশাসন-১)।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>২.৭</td>
<td colspan="2">

**অডিট:**

<table>
<tr><th>সংস্থা</th><th>মোটআপত্তি</th><th>জড়িতটাকার পরিমাণ</th><th>জবাব প্রদান</th><th>নিষ্পত্তি</th><th>অবশিষ্ট আপত্তি</th><th>অবশিষ্ট টাকার পরিমাণ</th></tr>
<tr><td>এসএসডি</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>...</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৬৫</td><td>৫৮৪,৩২,৫৪,৬২৯</td><td>৬০</td><td>২৩</td><td>৪২</td><td>৫৭৫,৮৬,৫৩,৮১৫</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>১৪</td><td>৭৩১,৪৫,০৬,৬৭৯</td><td>১৪</td><td>০</td><td>১৪</td><td>৭৩১,৪৫,০৬,৬৭৯</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৪৩৭</td><td>১৫১,৪৩,৫৪,৫২৬</td><td>৪৩৭</td><td>২১৯</td><td>২১৮</td><td>৬০,৯২,৪৮,৬১০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>২৫</td><td>১৫৭,৮০,৫০,৪৪২</td><td>২৫</td><td>১</td><td>২৪</td><td>৫২,৬০,৯৯,৭৫৩</td></tr>
<tr><td>মোট</td><td>**৫৪১**</td><td>**১৬২৫,০১,৬৬,২৭৬**</td><td>**৫৩৬**</td><td>**২৪৩**</td><td>**২৯৮**</td><td>**১৩৭৩,৪০,১৮,৮৩২**</td></tr>
</table>

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ্যালকোহলের সাথে পানি মিশ্রণ বিষয়ে উত্থাপিতঅডিট আপত্তিগুলো ১২.১২.২০১৬ তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছিল। ২২টি আপত্তির মধ্যে সম্পূরক শুল্ক সম্পর্কিত ৯টি আপত্তি এখনও অনিষ্পন্ন রয়েছে। এবিষয়ে বারবার তাগাদা দেওয়ার পরও নিষ্পত্তি হচ্ছে না। ৯টি আপত্তি এখনও অনিষ্পন্ন রয়েছে। এ বিষয়ে বারবার তাগাদা দেওয়ার পরও নিষ্পত্তি হচ্ছে না।

**সিদ্ধান্তসমূহ:**
১)মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ্যালকোহলের সাথে পানি মিশ্রণ বিষয়ে উত্থাপিত অডিট আপত্তিটি এনবিআর-এর সাথে বৈঠক করে দ্রুত নিস্পত্তি করতে হবে, ভবিষ্যতে যেন অনুরুপ আপত্তি উত্থাপিত না হয় সে জন্য এনবিআর-এর পরামর্শ অনুসরণ করতে হবে, অধিকন্তু, ফিনিশড প্রোডাক্ট-এ ভ্যাট আরোপ বিষয়ে এনবিআর যেরুপ সিদ্ধান্ত দিবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে তার অধিক্ষেত্রে তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২)যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব আবশ্যিকভাবে এক মাসের মধ্যে প্রদান করতে হবে;

৩)সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রুপান্তরিত না হয় সে জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪)অগ্রিম অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য জরুরিভিত্তিতে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগপূর্বক আগামী ১(এক) মাসের মধ্যে দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভার আয়োজন করতে হবে।

</td>
<td>**সংশ্লিষ্ট অনুবিভাগ /অধিদপ্তর প্রধান(সকল)/ উপসচিব (বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা।**</td>
</tr>
<tr>
<td>২.৮</td>
<td>

**পেনশন :**
**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** প্রতিবেদনাধীন মাসে ১২টি পেনশন কেস পাওয়া যায়, যা যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। আদালতে মামলা থাকার কারণে বর্তমানে ২টি পেনশন কেস অনিষ্পন্ন আছে।

**কারা অধিদপ্তর :** বরগুনা জেলা কারাগারের জেলার মরহুম মাসুদ পারভেজ মঈন-এর লাম্প গ্র্যান্ট মঞ্জুরির বিষয়ে ১ম স্ত্রী মোছা: শিল্পি মাসুদ কর্তৃক উত্তরাধিকারীগণের মধ্যে লাম্পগ্রান্ট বাবদ অর্থ বন্টনের বিষয়ে দায়েরকৃত মামলা থাকায় ১টি পেনশন কেস অনিষ্পন্ন আছে।

</td>
<td>১)এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।</td>
<td>**সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান/ সংশ্লিষ্ট অনুবিভাগ।**</td>
</tr>
<tr>
<td>২.৯</td>
<td>**পরিদর্শন :** বিবেচ্য মাসে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে ২ জন কর্মকর্তা ৪টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর হতে ১ জন কর্মকর্তা ২টি, কারা অধিদপ্তর হতে ১ জন কর্মকর্তা ৪টি স্থাপনা/প্রকল্প পরিদর্শন করেছেন।</td>
<td>

১)প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;

২)প্রকল্প এবং দপ্তর/সংস্থাসমূহের চলমান কার্যক্রম গতানুগতিকভাবে পরিদর্শন না করে প্রকৃত সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের বাস্তবসম্মত ও উপযুক্ত সুপারিশসহ যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিল অব্যাহত রাখতে হবে।

</td>
<td>**অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)।**</td>
</tr>
<tr>
<td>২.১০</td>
<td>**অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :** সভাকে জানানো হয় অনিষ্পন্ন বিষয়টি যথারীতি নিষ্পন্ন করা হচ্ছে।</td>
<td>১)এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>**অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)।**</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>২.১১</td>
<td>প্রশিক্ষণ (জানুয়ারি, ২০২২) :
<table>
<tr><th>মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তরের নাম</th><th>কর্মকর্তা-কর্মচারীর শ্রেণি</th><th>কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা</th><th>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (ঘণ্টা)</th></tr>
<tr><td rowspan="4">সুরক্ষা সেবা বিভাগ</td><td>৯ম ও গ্রেড তদূর্দ্ধ</td><td>৩৩</td><td>৩৬</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>৩০</td><td>২৮</td></tr>
<tr><td>১১-১৬ গ্রেড</td><td>৫১</td><td>৩০</td></tr>
<tr><td>১৭-২০ গ্রেড</td><td>৩৫</td><td>২৪</td></tr>
<tr><td rowspan="4">ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>৯ম ও গ্রেড তদূর্দ্ধ</td><td>২৭</td><td>৪২</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>৬</td><td>৩৬</td></tr>
<tr><td>১১-১৬ গ্রেড</td><td>১৪৩</td><td>১২</td></tr>
<tr><td>১৭-২০ গ্রেড</td><td>১৬</td><td>২.৩০</td></tr>
<tr><td rowspan="4">মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>৯ম ও গ্রেড তদূর্দ্ধ</td><td>১১৭</td><td>৯৫</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>১৫৯</td><td>১৯</td></tr>
<tr><td>১১-১৬ গ্রেড</td><td>১৪৪৫</td><td>২৭</td></tr>
<tr><td>১৭-২০ গ্রেড</td><td>১০০</td><td>২২</td></tr>
<tr><td rowspan="4">ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>৯ম ও গ্রেড তদূর্দ্ধ</td><td>৩৪</td><td>৪০</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>৬৮০</td><td>৪১</td></tr>
<tr><td>১১-১৬ গ্রেড</td><td>৩,৭৫২</td><td>৪৪</td></tr>
<tr><td>১৭-২০ গ্রেড</td><td>৭,৮০০</td><td>৪৩</td></tr>
<tr><td rowspan="5">কারাঅধিদপ্তর</td><td>৯ম ও গ্রেড তদূর্দ্ধ</td><td>১২৭</td><td>৩০</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>১৫২</td><td>৩০</td></tr>
<tr><td>১১-১৬ গ্রেড</td><td>৩৪৩ (সিভিল)</td><td>৩০</td></tr>
<tr><td>১১-১৬ গ্রেড</td><td>৮৩২৯(ইউনিফর্ম)</td><td>৩০</td></tr>
<tr><td>১৭-২০ গ্রেড</td><td>২০</td><td>২৭</td></tr>
</table>
</td>
<td>১)জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based)প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>২)সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা রুজুকরণ এবং তদন্ত কার্যক্রম পরিচালনা বিষয়ে এ বিভাগ ও অধীন দপ্তরসমূহের কর্মচারীগণকে আরো ভালোভাবে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.১২</td>
<td>ওয়েবসাইট হালনাগাদকরণ :
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>বিবেচ্য মাসে আপলোডকৃত বিষয়/তথ্য</th><th>বিবেচ্য মাসে আপগ্রেডকৃত বিষয়/তথ্য</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>● প্রজ্ঞাপন ৪টি<br>● অফিস আদেশ ৮টি<br>● নোটিশ ৪টি<br>● এনওসি: কর্মচারী ২টি<br>● ই-দরপত্র ১টি</td><td>০০</td></tr>
</table>
</td>
<td>১)জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন,অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে প্রতিমাসের ১ম ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে আপলোড/আপডেট করতে হবে;<br><br>২)এ বিভাগ এবং অধিদপ্তরসমূহের ওয়েবসাইট এটুআই-এর গাইডলাইন অনুযায়ী সকল প্রাসঙ্গিক বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে কি-না তা নিশ্চিত করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)।</td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | **ডিএনসি** | ● এনওসি/জিও ৭টি,<br>● অফিস আদেশ ৪২টি,<br>● মামলার তথ্য ৩১টি<br>● ছবি আপলোড ১৯টি আপলোড করা হয়েছে। এছাড়া<br>● প্রিকারসর কেমিক্যালস্ এর এনওসি ৫৩টি<br>● সভার কার্যবিবরণী ৬টি<br>● দরপত্র বিজ্ঞপ্তি ২টি | ০০ | | |
| | **এফএসসিডি** | ● নোটিশ ১২টি<br>● এনওসি ১৬টি<br>● অফিস অর্ডার ৩১টি<br>● বহি: বাংলাদেশ ছুটি ৪টি<br>● ওয়েবসাইটে আপলোড করা হয়েছে | ০০ | | |
| | **প্রিজন** | ● নোটিশ বোর্ড ৭টি<br>● সার্কুলার ৪টি<br>● পোস্টিং অর্ডার/জিও ১১টি<br>● এনওসি ৮টি<br>● অফিস আদেশ ২১টি<br>● বহিঃবাংলাদেশ ছুটি ৩টি<br>● টের্ডার/দরপত্র বিজ্ঞপ্তি ৪টি | ০০ | | |
| ২.১৩ | **ই-ফাইলিং :** অনুসরণ করা হচ্ছে। | | | ১)এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সকল প্রকার পত্র যোগাযোগ ই-নথির মাধ্যমে নিস্পতিকরণ অব্যাহত রাখতে হবে;<br>২)অধিদপ্তর/সংস্থা থেকে ই-নথিতে চিঠি-পত্র প্রেরণের পর পুনরায় একই বিষয়ে হার্ড ফাইলেও একই পত্র প্রেরণ না করার বিষয়টি অনুসরণ করতে হবে।<br>৩)পূর্বানুমতি ব্যতিরেখে কোন নথির নোটশিট প্রিন্ট করা যাবে না। | **অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১)।** |
| ২.১৪ | **ইনোভেশন ও উত্তম চর্চা :**<br>**বাস্তবায়ন অগ্রগতি :** ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতি অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১১.০১.২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ২.২.৫ নং কর্মসম্পাদন সূচকের আওতায় দেশে/বিদেশে অন্য দপ্তর বা অফিসের বাস্তবায়িত নূন্যতম একটি উদ্যোগ পরিদর্শনের কার্যক্রমের আওতায় ২৩.০১.২০২২ তারিখে কুয়াকাটায় অবস্থিত Submarine Cable Landing Station পরিদর্শন করা হয়েছে। | | | ১)মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে চলতি বছরের ইনোভেশন কার্যক্রমের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে;<br>২)বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে মনিটর করতে হবে; | **অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও চিফ ইনোভেশন কর্মকর্তা।** |

**২.১৫** ভিডিও কনফারেন্সিং :

| বিভাগ/অধিদপ্তর | ভিডিও কনফারেন্সর সংখ্যা |
|---|---|
| এসএসডি | ৯টি |
| ডিএনসি | ১টি |
| ডিআইপি | ৩টি |
| এফএসসিডি | ৫০টি |
| প্রিজন | ৪টি |
| সর্বমোট | ৯টি |

১)মাঠ পর্যায়ের দপ্তরের সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন অব্যাহত রাখতে হবে।

২)সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তর কর্তৃক আয়োজিত ভিডিও কনফারেন্সর যাবতীয় তথ্য (ভিডিও কনফারেন্স'র বিষয়, তারিখ ও সময়, সংশ্লিষ্ট দপ্তর সংস্থা) এ বিভাগের প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে।

**অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা।**

**২.১৬** সুরক্ষা সেবা বিভাগ ও অধীন দপ্তরসমূহে চলমান বিভাগীয় মামলার পরিসংখ্যান :

| দপ্তর/সংস্থা | এসএসডি+ অধিদপ্তরসমূহের ১ম শ্রেণির কর্মকর্তাগণের বিরুদ্ধে চলমান বিভাগীয় মামলা | এসএসডি+ অধিদপ্তরসমূহের ১ম শ্রেণির কর্মকর্তাগণের বিরুদ্ধে আপিল মামলা | অধিদপ্তরসমূহের কর্মকর্তা /কর্মচারীগণের বিরুদ্ধে চলমান বিভাগীয় মামলা | অধিদপ্তরসমূহের কর্মকর্তা /কর্মচারীগণের বিরুদ্ধে আপিল মামলা |
|---|---|---|---|---|
| এসএসডি | ৬ | ০ | ০ | ০ |
| ডিআইপি | ২ | ০ | ১৮ | ০ |
| এফএসসিডি | ২ | ১ | ৮১ | ৩ |
| ডিএনসি | ২ | ১ | ৩২ | ২ |
| কারা | ১৪ | ০ | ৫৬৪ | ০ |
| মোট | ২৬ | ২ | ৬৯৫ | ৫ |

১)বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তর প্রধানগণ কর্তৃক অধিদপ্তরে নিয়োগকৃত আইন কর্মকর্তার সাথে প্রতিমাসে সভা করতে হবে এবং চলমান মামলাসমূহের অগ্রগতি ও কার্যবিবরণীসহ মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে

২)মন্ত্রণালয়/অধিদপ্তরের বিভাগীয় মামলাসমূহের তদন্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং চলমান বিভাগীয় পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে, বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ যেন তদবিরের অভাবে মামলার মেরিট নষ্ট না হয় সেদিকে নজরদারি বৃদ্ধিসহ নিবিড়ভাবে মনিটরিং অব্যাহত রাখতে হবে;

**অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ/ প্রোগ্রামার।**

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করে সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি পেন্ডিং বিষয়সমূহ অগ্রাধিকার ভিত্তিতে অত্যন্ত দ্রুততার সাথে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত সকল সদস্য ও তাঁদের অধীন কর্মকর্তা-কর্মচারিগণের উদ্দেশ্যেবলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোকাব্বির হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০..০১৪.০৬.০০২.১৭.৫৬

তারিখ: ৩০ মাঘ ১৪২৮
১৩ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আবদুল কাদির
উপসচিব